

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ব্যাখ্যাহীন নির্দেশ, যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কর্মগত আমল ব্যাখ্যা করে, যা আমরা পূর্বে উল্লেখ করেছি

ذِكْرُ الْأُمْرِ الْمُجْمَلِ الَّذِي فسرَّته أَفْعَالُ الْمُصلطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

2674 ـ أَخْبُرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّتَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّتَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيِّبِ وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي سَعِيدُ بْنُ الْمُسَيِّبِ وَأَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ اللَّهِ أَنَّ أَبَا اللَّهِ بَنُ عَبْدِ اللَّهِ مَن عَبْدِ اللَّهِ أَنَّ أَبَا هُرَيْرَةَ قَالَ: صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ أَو الْعَصْرِ فَسَلَّمَ فِي هُرَيْرَةَ قَالَ: صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ أَو الْعَصْرِ فَسَلَّمَ فِي رَكْعَتَيْنِ مِنْ أَحَدِهِمَا فَقَالَ لَهُ ذُو الشِّمَالين بْنُ عَبْدِ عَمْرِو بْنِ نِضلة الخراعي حَلِيفُ بَنِي رَكْعَتَيْنِ مِنْ أَحَدِهِمَا فَقَالَ لَهُ ذُو الشِّمَالين بْنُ عَبْدِ عَمْرِو بْنِ نِضلة الخراعي حَلِيفُ بَنِي رَكْعَتَيْنِ مِنْ أَحَدِهِمَا فَقَالَ لَهُ ذُو الشِّمَالين بْنُ عَبْدِ عَمْرِو بْنِ نِضلة الخراعي حَلِيفُ بَنِي زُهْرَةَ: أَقَصُرُتِ الصَّلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ لَنُ وَالشِّمَالين: كَانَ بَعْضُ ذَلِكَ يَا رَسُولُ اللَّهِ فَأَقْبَلَ رَسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَمَ رَسُولُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَمَ الصَلاة.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2674 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (2/ 130) , ((الروض النضير)) (1097) ((صحيح أبي داود)) (923).

বাংলা

২৬৭৪. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে যোহর কিংবা আসরের সালাত আদায় করেন। তিনি সেখানে দুই রাকা আতে সালাম ফেরান। তখন বানূ যাহরাহ গোত্রের বন্ধু খুযাঈ গোত্রের যুশ শিমালাইন বিন আবদু আমর বিন নাদলাহ তাঁকে বলেন, "হে



আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সালাত কমিয়ে দেওয়া হয়েছে নাকি আপনি ভুলে গিয়েছেন?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সালাত কমিয়ে দেওয়া হয়নি আর আমি ভুলেও যাইনি।" সেই ব্যক্তি বললো, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিছু একটা হয়েছে।" অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লোকদের কাছে আগমন করে বলেন, "যুল ইয়াদাইন কি সত্য বলেছে?" সাহাবীগণ জবাব দিলেন, "জ্বী, হ্যাঁ।" তখন তিনি দাঁড়ান এবং সালাত পূর্ণ করেন।"[1]

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/৯৩; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১২১; সহীহ আল বুখারী: ৭১৪; আবূ দাউদ: ১০০৯; তিরমিযী: ৩৯৯; নাসাঈ: ৩/২২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪৪৪; সুনান বাইহাকী: ২/৩৫৬; সহীহ মুসলিম: ৫৭৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন